

যায়যায়দিন

তারিখ ... 2 JUL 2008
পৃষ্ঠা ... ৩

সংবাদ সম্মেলনে অস্ট্রেলীয় শিক্ষাবিদ অস্ট্রেলিয়ায় পড়াশোনা করার যথেষ্ট সুযোগ রয়েছে

যায়যায় রিপোর্ট

অস্ট্রেলিয়ার সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটির ডেপুটি ডাইরেক্টর অফ অ্যাকাডেমিক অ্যাফেয়ার্স ড. জ্যান্সেলা ডেলভেস বলেছেন, বাংলাদেশের শিক্ষার্থীদের জন্য অস্ট্রেলিয়ায় পড়াশোনা করার যথেষ্ট সুযোগ রয়েছে। বাংলাদেশের শিক্ষার্থীদের অত্যন্ত মেধাবী এবং পরিশ্রমী উল্লেখ করে তিনি আরো বলেন, কুইন্সল্যান্ড ইউনিভার্সিটি অস্ট্রেলিয়ার দ্বিতীয় বৃহত্তম ইউনিভার্সিটি। চারটি ক্যাম্পাসে প্রায় ২০ হাজার বিদেশি শিক্ষার্থী পড়াশোনা করে। এর মধ্যে ৩০০ বাংলাদেশি শিক্ষার্থী

অস্ট্রেলিয়ায় পড়াশোনা করার যথেষ্ট সুযোগ

(প্রথম পৃষ্ঠার পর)

শিক্ষার্থী রয়েছে। গতকাল বনানীর হোটেল সেরিনায়, ইন্টারন্যাশনাল এডুকেশন সেমিনারের আগে এক প্রেস কনফারেন্সে অস্ট্রেলীয় শিক্ষাবিদ এসব কথা বলেন। সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটির বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধার কথা উল্লেখ করে প্রফেসর জ্যান্সেলা বলেন, খুব কম খরচে এ ইউনিভার্সিটিতে বাংলাদেশের শিক্ষার্থীরা ভর্তির সুযোগ পাবে। ভালো ইংরেজি শিক্ষার জন্য ইউনিভার্সিটিতে রয়েছে

ইংলিশ ল্যানিং সেন্টার এবং ওরিয়েন্টেশন কোর্স করার আলাদা সুযোগ। এছাড়া সপ্তাহে ২০ ঘণ্টা চাকরি করার সরকারিভাবে অনুমতি দেয়া হবে, যাতে শিক্ষার্থীরা পড়াশোনার পাশাপাশি কিছু আয় করে নিজেদের খরচ চালাতে পারে। প্রেস কনফারেন্সে আরো উপস্থিত ছিলেন সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটির ক্যান্ট্রি রিক্রুটমেন্ট ম্যানেজার গেইল বাকের ও ক্যাম্পাস গ্রুপ হোল্ডিংসের চিফ একজিকিউটিভ অফিসার সুমিত আগারওয়াল।